

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪০৫১  
মোহনপুর, ০৬ ডিসেম্বর, ২০২৩

**কাতলামারা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে  
পানীয়জল বিশুদ্ধকরণ প্রকল্পের উদ্বোধন**

মোহনপুর ব্লকের কাতলামারা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে গতকাল এক অনুষ্ঠানে পানীয়জল বিশুদ্ধকরণ প্রকল্পের উদ্বোধন করা হয়। উদ্বোধন করেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি হরিদুলাল আচার্য। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রীনা দেববর্মা, ব্লকের অতিরিক্ত বিডিও গোপালকৃষ্ণ দত্ত, প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের আধিকারিক ডা. তরুণ কলই। পঞ্চদশ অর্থমিশনের আর্থিক সহায়তায় এই প্রকল্পটি নির্মিত হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ২ লক্ষ ১৫ হাজার ৬৭০ টাকা। এদিন বামুটিয়া ব্লকের গান্ধীগ্রাম প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রেও ভারপ্রাপ্ত সভাপতি হরিদুলাল আচার্য অনুরূপ পানীয়জল বিশুদ্ধকরণ প্রকল্পের উদ্বোধন করেন। উদ্বোধনের পর অতিথিগণ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের রোগীদের মধ্যে ফল ও মিষ্টি বিতরণ করেন।

\*\*\*\*\*